

আদেশ

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের কর্মকর্তা কর্তৃক কর্মস্থলে চিকিৎসকদের উপস্থিতি মনিটরিং-বাধ্যতামূলককরণ।

- সূত্র: ১) স্বাপকম স্মারক নং- স্বাপকম/এইচআর এম/উপস্থিতি পরি/২৮৬/২০১২/১১২, তারিখ: ০৫/১১/২০১২ ইং।
২) স্বাপকম স্মারক নং- ৪৫.১৫৫.১৪৬.০০.০০.০০২.২০১২-১০৫, তারিখ: ১৭-০২-২০১৪ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশের সকল নাগরিকের যথাযথ স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণের ক্ষেত্রে চিকিৎসকদের কর্মস্থলে অনুপস্থিতি একটি চ্যালেঞ্জ। কোন কোন স্বাস্থ্যসেবা কেন্দ্রে ডাক্তারের অনুপস্থিতির ফলে সাধারণ নাগরিকগণ ভোগান্তির শিকার হচ্ছেন। গণমাধ্যমে বিনানুমতিতে ডাক্তারদের অনুপস্থিতির বিষয়ে কখনো কখনো বিব্রতকর সংবাদ প্রকাশিত হচ্ছে। দেশের সকল জেলা, উপজেলা হাসপাতাল এবং বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠানের চিকিৎসকদের উপস্থিতি নিশ্চিতকরণের লক্ষ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের কর্মকর্তাদের জেলা ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কর্মরত চিকিৎসকদের উপস্থিতি পরিবীক্ষণ করার দায়বদ্ধতা রয়েছে।

২। মন্ত্রণালয়ের মনিটরিং কার্যক্রম পর্যালোচনায় দেখা যায় যে, বেশিরভাগ কর্মকর্তা টেলিফোনে নিয়মিত ডাক্তারদের উপস্থিতি পরিবীক্ষণ করছেন না এবং হাসপাতাল ও স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান পরিদর্শন করছেন না। ফলে মন্ত্রণালয়ের মনিটরিং কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করা কঠিন হয়ে পড়েছে। এক্ষেত্রে মন্ত্রণালয়ের কর্মকর্তা কর্তৃক চিকিৎসকদের উপস্থিতি নিবিড় ও ধারাবাহিক পরিবীক্ষণ কার্যক্রম অব্যাহত রাখা আবশ্যিক এবং পরিবীক্ষণের পর সুপারিশ বাস্তবায়ন হওয়া প্রয়োজন।

৩। এখন থেকে মন্ত্রণালয়ের কর্মকর্তা (শাখা/অধিশাখা পর্যায়ে) কর্তৃক টেলিফোনে উপস্থিতি মনিটরিং এবং সরেজমিন পরিদর্শন বাধ্যতামূলক কার্য হিসাবে গণ্য করতে হবে। টেলিফোনে চিকিৎসকদের উপস্থিতি পরিবীক্ষণের জন্য শাখা/অধিশাখা পর্যায়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদেরকে প্রতি মাসে ২ বার ল্যাড টেলিফোনে দায়িত্ব প্রদানকৃত স্বাস্থ্য সেবা প্রদানকৃত প্রতিষ্ঠানসমূহে উপস্থিতি পরিবীক্ষণ করতে হবে এবং প্রতি ২ মাসে ১ বার হাসপাতাল ও স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানসমূহ সরেজমিন পরিদর্শন করতে হবে। কর্মকর্তাগণ টেলিফোনে পরিবীক্ষণপূর্বক প্রতিবেদন প্রশাসন-৪ অধিশাখায় এবং স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান পরিদর্শন করে হাসপাতাল -২ অধিশাখায় প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করবেন। সংশ্লিষ্ট শাখা/অধিশাখা এ বিষয়ে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক পরিবীক্ষণকারী কর্মকর্তাকে অবহিত করবে। মনিটরিং সেলের কর্মকর্তাগণকে তাদের নির্ধারিত দায়িত্ব ছাড়াও যে কোন স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে টেলিফোনে মনিটরিং এবং সরেজমিন পরিদর্শন করতে হবে।

৪। মন্ত্রণালয়ের কর্মকর্তাগণের বিদেশ প্রশিক্ষণের পূর্বশর্ত হিসাবে বিদেশ প্রশিক্ষণ মনোনয়ন দানের পূর্বে কর্মকর্তাদের টেলিফোনে ডাক্তারদের উপস্থিতি পরিবীক্ষণ এবং হাসপাতাল/স্বাস্থ্য সেবাদানকারী প্রতিষ্ঠান পরিদর্শন বাধ্যতামূলক করা হল। বিশ্ব স্বাস্থ্য সংস্থার সংশ্লিষ্ট শাখা বিদেশ প্রশিক্ষণে মনোনয়ন দানের পূর্বে এ বিষয়ে তথ্য উপাত্ত উপস্থাপন করবে এবং বিদেশ প্রশিক্ষণের মনোনয়ন সংশ্লিষ্ট কমিটি এ সংক্রান্ত তথ্য যাচাই করে মনোনয়ন নিশ্চিত করবে। নির্ধারিত প্রমাণ মোতাবেক টেলিফোনে পরিবীক্ষণ বা হাসপাতাল পরিদর্শন কার্যক্রম গ্রহণে কোন কর্মকর্তা বিদেশ প্রশিক্ষণের বা অন্য কোন সুযোগ দাবি করতে পারবেন না।

৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে। জনস্বার্থে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হল।

স্বাক্ষরিত:-

০৬.০৭.২০১৫

(বাসুদেব গাঙ্গুলী)

অতিরিক্ত সচিব (প্রশাসন)

ও


আহ্বায়ক মনিটরিং সেল

কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. অতিরিক্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (উন্নয়ন ও চিশিজ/জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য/পক ও কার্য/আ: ব্য ও অ:/প্রশাসন/হাসপাতাল/শৃঙ্খলা ও নার্সিং), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (সকল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪. যুগ্মপ্রধান (পরিকল্পনা অনুবিভাগ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৫. উপসচিব/উপপ্রধান (সকল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৬. সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান (সকল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৭. সহকারী সচিব/সহকারী প্রধান (সকল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৮. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২. মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।



(ফাতেমা রহিম বিনা)

উপ-সচিব

ফোনঃ ৯৫৪০৩৬২

ই-মেইল-monitor@mohfw.gov.bd)